



তারিখ: ০৮.১২.২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স শেষ বর্ষের পরীক্ষায় অংশ নেয়া শিক্ষার্থীরা ৪৩তম বিসিএসে অংশ নিতে পারবেন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স শেষ বর্ষের পরীক্ষায় অংশ নেয়া শিক্ষার্থীরা অ্যাপিয়ার্ড হিসেবে ৪৩তম বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯ সালের অনার্স শেষ বর্ষের চূড়ান্ত পরীক্ষায় যেসব পরীক্ষার্থী অংশ নিয়েছেন কিন্তু এখনো করোনা মহামারীর কারণে সব পরীক্ষা শেষ করা সম্ভব হয়নি, সেসব পরীক্ষার্থীরা অ্যাপিয়ার্ড হিসেবে ৪৩তম বিসিএস পরীক্ষায় অংশ নিতে পারবেন মর্মে সিদ্ধান্ত হয়েছে। তবে যেসকল শিক্ষার্থীরা অনার্স শেষ বর্ষের পরীক্ষায় অংশ নিলেও ১ম বর্ষ, ২য় বর্ষ, তৃতীয় বর্ষের পরীক্ষায় এক বা একাধিক কোর্সে অকৃতকার্য হয়েছেন। এখনো উত্তীর্ণ হননি, তারা এই সুযোগের বাইরে থাকবেন।

এছাড়া প্রফেশনাল কোর্স (বিবিএ, সিইসি, বিএড অনার্স এবং ইসিই) এ যেসব শিক্ষার্থীরা ১ম সেমিস্টার থেকে ৭ম সেমিস্টারের সকল কোর্সে উত্তীর্ণ হয়ে ৮ম সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষায় অংশ নিয়েছেন কেবল তাহাই ৪৩তম বিসিএস পরীক্ষায় অংশ নিতে পারবেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়।

মোবাইল নং:- ০১৭১১৫৬২১২৪